



শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট

স্মারক নং-সাস্ট/পিআর/০৩/

তারিখ: ৫ মার্চ, ২০১৯

প্রেস বিজ্ঞপ্তি

আজ ৫ মার্চ, ২০১৯ তারিখ শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় সিলেট-এ সকাল সাড়ে ১১টায় দুইদিনব্যাপি বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা-২০১৯ এর শুভ উদ্বোধন করেন ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ।

প্রধান অতিথির সংক্ষিপ্ত বক্তব্যে ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ বলেন, লেখাপড়ার পাশাপাশি খেলাধুলায় শিক্ষার্থীদের অংশগ্রহণের গুরুত্ব রয়েছে। খেলাধুলার মাধ্যমে তাদের শারীরিক সুস্থতা নিশ্চিত হয় এবং একইসাথে তাদের মধ্যে ভাতৃত্ববোধ জাগ্রত হয়। তবে খেলায় অংশগ্রহণ করে যাতে কোন অনাকাঙ্ক্ষিত ঘটনা না ঘটে সেদিকে সংশ্লিষ্ট সকলকে সতর্ক থাকতে হবে।

উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন খেলাধুলা ও ক্রীড়া উপ-কমিটির সভাপতি প্রফেসর ড. মো. রাশেদ তালুকদার, প্রক্টর প্রফেসর জহীর উদ্দিন আহমেদ, শিক্ষক সমিতির সভাপতি প্রফেসর ড. এস এম সাইফুল ইসলাম এবং ক্রীড়া প্রতিযোগিতা-২০১৯ এর সদস্য সচিব চৌধুরী সউদ-বিন-আম্বিয়াসহ বিভিন্ন অনুষদের ডিন, বিভাগীয় প্রধান, দপ্তর প্রধানসহ শিক্ষক-কর্মকর্তা, ছাত্রছাত্রী ও কর্মচারীবৃন্দ।

ক্রীড়া প্রতিযোগিতায় মোট ২১টি ইভেন্টে ২৮৯জন শিক্ষার্থী অংশগ্রহণ করছে। তাছাড়া শিক্ষক-কর্মকর্তা ও কর্মচারীদের জন্য আরো ১৩টি ইভেন্ট প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে।

আগামীকাল বিকাল ৪:৩০ মিনিটে ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দিবেন।

(মুহাম্মদ ইশফাকুল হোসেন)

রেজিস্ট্রার